শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

ISO 9001, ISO 14001 & ISO 45001 Certified

**মুজিববর্ষ-পল্লী বিদ্যুতের সেবা বর্ষ**
**মুজিববর্ষেই নিশ্চিত হবে শতভাগ বিদ্যুতায়ন**

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
BANGLADESH RURAL ELECTRIFICATION BOARD

জনসংযোগ পরিদপ্তর
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
প্রশিক্ষণ একাডেমি ভবন (৩য় তলা)
নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯
ফোনঃ ০২-৮৯০০৩১৭
ই-মেইলঃ prdreb@gmail.com

স্মারক নং- ২৭.১২.০০০০.০২১.৭২.১৭১.২০.২৮৮০

তারিখঃ ০৭ চৈত্র, ১৪২৭ বঙ্গাব্দ।
২১ মার্চ, ২০২১ খ্রিস্টাব্দ।

**বিষয়ঃ বাপবিবোর্ডের অংশীজনদের (লাইন/পূর্ত নির্মাণ ঠিকাদার, মালামাল সরবরাহকারী, পরিবহন ঠিকাদার, কনসালটেন্ট প্রতিষ্ঠানের প্রতিনিধি ও ব্যাংক/বীমা/আর্থিক প্রতিষ্ঠানের সম্মানীত প্রতিনিধির) সাথে শুদ্ধাচার/উত্তম চর্চা বিষয়ক তৃতীয় প্রান্তিকের ভার্চুয়াল সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| প্রধান অতিথি | : | মেজর জেনারেল মঈন উদ্দিন (অবঃ), চেয়ারম্যান, বাপবিবোর্ড। |
| সভাপতি | : | আবুল কালাম শামসুদ্দিন, অতিরিক্ত সচিব ও সদস্য (প্রশাসন), বাপবিবোর্ড। |
| সভার তারিখ ও সময় | : | ১৮-০৩-২০২১ খ্রিঃ, বিকাল ৫:০০ ঘটিকা। |
| সভার ধরণ | : | অনলাইন জুম মিটিং । |

বাপবিবোর্ডের সদস্য (প্রশাসন) মহোদয়ের সভাপতিতে আয়োজিত শুদ্ধাচার/উত্তমচর্চা বিষয়ক সভায় লাইন/পূর্ত নির্মাণ ঠিকাদার, মালামাল সরবরাহকারী, পরিবহন ঠিকাদার, কনসালটেন্ট প্রতিষ্ঠানের প্রতিনিধি ও ব্যাংক/বীমা/আর্থিক প্রতিষ্ঠানের সম্মানীত অংশীজন প্রতিনিধি ও আরইবি/পবিসের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ অংশগ্রহণ করেন। আয়োজিত অনলাইন জুম মিটিং এ অনুষ্ঠানের সভাপতি সদস্য (প্রশাসন) মহোদয় সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করার জন্য পরিচালক জনসংযোগকে অনুরোধ করেন।

২। আরইবি'র শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও পরিচালক জনসংযোগ সূচনা বক্তব্যে সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালী স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী, মুজিববর্ষ ও স্বাধীনতার সুবর্ণজয়ন্তীর প্রাক্কালে আরইবি'র অংশীজনদের সাথে আয়োজিত সভায় উপস্থিত সকল অংশীজনকে স্বাগত জানান। জাতির পিতার স্বপ্ন পূরণে শুধু আরইবিই নয় আরইবি কার্ক্রমের সাথে জড়িত সকল অংশীজনদের গুরুত্বও কম নয়। শতভাগ উপজেলা বিদ্যুতায়ন বাস্তবায়নে অংশীজনদের সক্রিয়তা এবং স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতপূর্বক আন্তরিক প্রচেষ্টা প্রশংসনীয়। অফগ্রীডভুক্ত এলাকাসমূহ অত্যন্ত দূরবর্তী চরাঞ্চল ও প্রান্তিক এলাকায় অবস্থিত হওয়ায় সেখানে বিদ্যুৎ পৌছানো দূরূহ কাজ ছিল। কিন্তু এই চ্যালেঞ্জিং কাজ স্টেকহোল্ডারদের অধিকতর কর্মতৎপরতার ফলেই তা সুষ্ঠুভাবে সম্পন্ন হচ্ছে। জুন'২০২১ সালের মধ্যে অফগ্রীডভুক্ত অবশিষ্ট গ্রাম ও চরাঞ্চল সমূহে সাবমেরিন ক্যাবল এর মাধ্যমে অথবা স্যোলার প্যানেল স্থাপনের মাধ্যমে শতভাগ বিদ্যুতায়ন বাস্তবায়নে অংশীজনদের নিরন্তর প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে। তাই জাতির পিতার স্বপ্নের "সোনার বাংলা" বিনির্মাণে মাননীয় প্রধানমন্ত্রীর নেতৃত্বে এবং আরইবি'র চেয়ারম্যান মহোদয়ের দিকনির্দেশনাকে কাজে লাগিয়ে আরও বেগবান গতিতে জুন-২০২১ এর মধ্যে অফগ্রীডভুক্ত এলাকায় বিদ্যুতায়ন নিশ্চিত করার জন্য বিনীত অনুরোধ করেন।

৩। প্রধান প্রকৌশলী (প্রকল্প), দেবাশীষ চক্রবর্তী লাইন নির্মাণ ঠিকাদারদের উদ্দেশ্যে বলেন, জুন'২০২১ এ ০৩ (তিন)টি প্রকল্পের মেয়াদ শেষ হবে। এ সমস্ত প্রকল্পের বিপরীতে যে সমস্ত লাইন নির্মাণ ঠিকাদারদের মাইলেজ বরাদ্দ আছে তারা এ মাসের মধ্যেই কাজ সমাপ্ত করে বিল দাখিল করবেন। অন্যথায় বিল পরিশোধ করা সম্ভব হবে না এবং যদি কোন ঠিকাদার লাইন নির্মাণ করতে অপারগ হন, তাহলে সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলীকে অবহিত করে অবশিষ্ট মাইলেজ সমিতির মিনি ঠিকাদারকে হস্তান্তর করা হবে। এ বিষয়ে কারো কোন আপত্তি থাকা চলবে না। তিনি সকল ঠিকাদারকে শুদ্ধাচারী হয়ে সঠিক সময়ে লাইন নির্মাণ কাজ সমাপ্ত করার জন্য নির্দেশনা প্রদান করেন। মুজিবশতবর্ষের এই উদযাপনের বছরে জনগণ যাতে কোন হয়রানির শিকার না হয় সেদিকে সজাগ দৃষ্টি রাখার জন্য সকল লাইন নির্মাণ ঠিকাদারগণকে অনুরোধ করেন।

৪। সদস্য (বিতরণ ও পরিচালন), জনাব মোঃ জহিরুল ইসলাম জুন'২০২১ এ মেয়াদ শেষ হবে এমন ০৩ (তিন)টি প্রকল্পের বিপরীতে কার্যাদেশপ্রাপ্ত ঠিকাদারদের অনুকূলে বরাদ্দকৃত মাইলেজের কাজের অগ্রগতি তুলে ধরে সকলকে নির্ধারিত সময়ের মধ্যে কাজ শেষ করার অনুরোধ করেন। তিনি বলেন, লাইন নির্মাণ কাজে সময় ক্ষেপণ উত্তমচর্চার পরিপন্থী। এ জন্য

চলমান পাতা-২

সঠিক সময়ে কাজ শেষ করে বিল দাখিল করা সকল ঠিকাদারদের নৈতিক দায়িত্ব। মুজিববর্ষের মধ্যে শতভাগ লাইন নির্মাণ কাজ শেষ করার জন্য সকল লাইন নির্মাণ ঠিকাদারদের অনুরোধ করেন। গ্রিডভুক্ত এলাকায় সফলভাবে লাইন নির্মাণ কাজ সমাপ্ত করার জন্য সকল ঠিকাদারী প্রতিষ্ঠানদের ধন্যবাদ জ্ঞাপন করেন।

৫। সদস্য (অর্থ), জনাব মোঃ খায়রুল হাসান সকল অংশীজনকে মুজিবশতবর্ষ ও স্বাধীনতার সুবর্ণজয়ন্তী'র শুভেচ্ছা জানান। কর্মক্ষেত্রে সকল লাইন নির্মাণ ঠিকাদার/সরবরাহকারী/উন্নয়ন ও অংশীজনদেরকে সততা, ন্যয়পরায়ণতা ও উদারতা প্রদর্শন করতে হবে। বাপবিবো/পবিসে অংশীজনদের পাওনা যথাসময়ে পরিশোধ করা হয়ে থাকে। সদস্য (অর্থ) মহোদয় ভবিষ্যতেও এ আর্থিক শৃঙ্খলা ধরে রাখা হবে মর্মে আশাবাদ ব্যক্ত করেন।

৬। সদস্য (প্রশাসন) অনুষ্ঠানের সভাপতি জনাব আবুল কালাম শামসুদ্দিন অংশীজনদেরকে মুজিবশতবর্ষ ও স্বাধীনতার সুবর্ণজয়ন্তী'র শুভেচ্ছা জ্ঞাপন করেন। শুদ্ধাচার/উত্তম চর্চা বিষয়ক আয়োজিত সভায় যোগদানের জন্য সকল অংশীজন প্রতিনিধিকে ধন্যবাদ জানান। বাপবিবোর্ডের এপিএ চুক্তি অনুযায়ী সকল শ্রেণীর অংশীজনদের সাথে শুদ্ধাচার/উত্তম চর্চা বিষয়ে সভা করার বাধ্যবাধকতা রয়েছে। এ জন্য গত কোয়ার্টারেও একটি শুদ্ধাচার/উত্তম চর্চা বিষয়ক সভা অনুষ্ঠিত হয়েছে। তিনি বলেন প্রত্যেকে তার নিজস্ব জায়গায় সততা ও নিষ্ঠার পরিচয় দিলে দেশের বৃহত্তর পর্যায়ে শুদ্ধাচার প্রতিষ্ঠিত হবে।

সিদ্ধান্তঃ

(ক) জুন'২০২১ এ সমাপ্ত হবে এমন তিনটি প্রকল্পের বিপরীতে কার্যাদেশপ্রাপ্ত সকল লাইন নির্মাণ ঠিকাদারগণ মার্চ'২০২১ এর মধ্যে লাইন নির্মাণ সমাপ্ত করা;

(খ) সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী/সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজারের সাথে আলোচনা করে সহযোগিতা গ্রহণ করে যথাসময়ে লাইন নির্মাণ কাজ শেষ করা। এ ক্ষেত্রে কোন ঠিকাদার অপারগ হলে সংশ্লিষ্ট পবিসের মিনি ঠিকাদারের মাধ্যমে কাজ শেষ করা;

(গ) প্রতি তিন মাস অন্তর অন্তর অংশীজনদের নিয়ে সরাসরি/zoom apps এর মাধ্যমে শুদ্ধাচার সংক্রান্ত সভার আয়োজন অব্যাহত রাখা;

(ঘ) সভার কার্যবিবরণী সকল অংশীজনদের নিকট পৌঁছে দেয়া এবং ওয়েবসাইট-এ আপলোড করা।

৭। ভার্চুয়াল সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করেন।

২৭/৩/২০২১

(আবুল কালাম শামসুদ্দিন)
অতিরিক্ত সচিব ও সদস্য (প্রশাসন)
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড